উপজেলা পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

jamalpursadar.jamalpur.gov.bd

## ফেব্রুয়ারি, ২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জিন্নাত শহীদ পিংকি |
| পদবী | : | প্রশাসক, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর। |
| সভার তারিখ | : | ১৯ ফেব্রুয়ারি, ২০২৫খ্রিঃ। |
| সময় | : | সকাল: ১০.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, জামালপুর সদর, জামালপুর। |

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:-**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে প্রশাসক হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, ১ নভেম্বর/২০২৪ হতে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত জাটকা আহরণ, বিক্রয় ও পরিবহন নিষিদ্ধ করা হয়েছে। এ বিষয়ে বিভিন্ন জায়গায় ব্যানার স্থাপন, লিফলেট বিতরণ ও সচেতনতা বৃদ্ধির জন্য মাইকিং করা হয়েছে। বিভিন্ন গুরুত্বপূর্ণ বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করা হলে সচেতনতা আরো বৃদ্ধি পাবে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সরকারি নীতিমালা মোতাবেক সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক ১ নভেম্বর/২০২৪ হতে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত জাটকা আহরণ, বিক্রয় ও পরিবহন রোধে গণসচেতনতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ০২. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, ইপিআই এবং এইচপিভি টিকা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ০৯টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের জানুয়ারি, ২৫ মাসে আগত সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৯,২৫১ জন। ৬৩ টি কমিউনিটি ক্লিনিকে সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৪২,৬৮৮ জন, গর্ভকালীন (এএনসি) সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ১,৫৪১ জন, প্রসব পরবর্তী (পিএনসি) সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৯৮২ জন, ডায়রিয়া রোগীর সংখ্যা ৩৬৩ জন এবং এ আর আই রোগীর সংখ্যা ৪৫৯ জন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করণ সহ বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ০৩. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, বর্তমানে রবি ফসলের আবাদ চলমান আছে। বোরো ধান আবাদের লক্ষমাত্রা ৩৪,৮৫০ হেক্টর, যা প্রায় ৮৮% রোপন সম্পন্ন হয়েছে। সার ব্যবস্থাপনায় নন ইউরিয়া ও ইউরিয়া সারের মজুদ বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ বছর ১ লক্ষ বস্তায় আদা চাষাবাদের লক্ষ্যমাত্রা রয়েছে ও সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হচ্ছে। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্যদের তৎপর থাকার সিদ্ধান্ত গৃহিত হলো এবং মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যা সমাধানের পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার জামালপুর সদর জামালপুর। |
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, ফেব্রুয়ারি/২৫ মাসে তার দপ্তর কর্তৃক গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে ১,১৯০ টি, গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে-৭৫,৮১০ টি, হাস মুরগী-৩৬,৬৫১টি এবং চিকিৎসা প্রদান করা হয়েছে। ১০টি নমুনা সংগ্রহ করে গবেষনাগারে পাঠানো হয়েছে। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে-০১টি, এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে-১২টি। এছাড়া ০১টি পোল্টি খামার ও ৪টি গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন করা হয়। উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধা বঞ্চিত ৮৬টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ১৬০ জন মুরগী পালন সুফল ভোগীদের প্রশিক্ষন দেওয়া হয়েছে। দুধ, ডিম ও মাংসের বাজার মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া তার দপ্তরের বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ০৫. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | (ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর, সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত ও থোক বরাদ্দের টাকা থেকে মোট ৩,০০,৫০,৭২৭ (তিন কোটি পঞ্চাশ হাজার সাতশত সাতাশ) টাকার প্রকল্প তালিকা (পরিশিষ্ট-ক) মোতাবেক অনুমোদনের প্রেক্ষিতে টেন্ডার প্রক্রিয়ার কাজ শেষ করে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যেই কাজ বাস্তবায়ন শুরু হবে। এছাড়া প্রত্যেক ইউনিয়ন থেকে দুই লক্ষ টাকা করে দুইটি পিআইসির তালিকা দ্রত সময়ের মধ্যে উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে জমা দেওয়ার জন্য বলা হলেও এখন পর্যন্ত সব ইউনিয়ন থেকে প্রকল্প তালিকা জমা হয়নি। দ্রুত সময়ের মধ্যে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ জানান। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের আওতায় রাজস্ব উদ্বৃত্ত ও থোক বরাদ্দের টাকা থেকে মোট ৩,০০,৫০,৭২৭ (তিন কোটি পঞ্চাশ হাজার সাতশত সাতাশ) টাকার প্রকল্প তালিকা (পরিশিষ্ট-ক) মোতাবেক কার্যাদেশ প্রদান করে দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা প্রকৌশলী জামালপুর সদর জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় মেষ্টা ইউনিয়নের চান্দের হাওড়া খোরশেদের দোকান হইতে হেলালের দোকান পর্যন্ত ইটের সলিং প্রকল্প তালিকা (পরিশিষ্ট-ক) তে অনুমোদন করা হয়েছিল। কিন্তু উক্ত রাস্তাটি অন্য একটি প্রকল্পে অর্ন্তভূক্ত থাকায় এটার পরিবর্তে ছোট আরংহাটি বাজার থেকে চান্দের হাওড়া রাস্তা পর্যন্ত প্রাক্কলিত ১২,০০,০০০ টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে পরিবর্তনের জন্য অনুরোধ করেন। | (খ) ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় মেষ্টা ইউনিয়নের চান্দের হাওড়া খোরশেদের দোকান হইতে হেলালের দোকান পর্যন্ত ইটের সলিং এর পরিবর্তে উক্ত ইউনিয়নের ছোট আরংহাটি বাজার থেকে চান্দের হাওড়া রাস্তা পর্যন্ত প্রাক্কলিত ১২,০০,০০০ টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে পরিবর্তন এবং বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | খ) উপজেলা প্রকৌশলী জামালপুর সদর জামালপুর। |
| | | (গ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় (ক) তুলশীরচর ইউনিয়নের রেহাই গজারিয়া থেকে তুলশীরচর রাস্তায় ইউ ড্রেন নির্মাণ, (খ) রশিদপুর ইউনিয়নের তুলসিপুর রাস্তায় ইউ ড্রেণ নির্মাণ ও রাস্তার পাশে গাইড ওয়াল নির্মাণ, (গ) রশিদপুর বাজার হাই স্কুল মোড় থেকে পাকুল্ল্যা খেত্রিপাড়া রাস্তায় ইউ ড্রেণ নির্মাণ ও রাস্তার পাশে গাইড ওয়াল নির্মাণ (ঘ) ইটাইল ইউনিয়নের কচুয়ারপাড় সমিরুদ্দিন দাখিল মাদ্রাসার মেইন গেইট নির্মাণ (ঙ) শরিফপুর ইউনিয়নের রঘুনাথপুর উচ্চ বিদ্যালয়ের ছাদ মেরামত (চ) রশিদপুর ইউনিয়নের শেখপাড়া নিম্ন মাধ্যমিক স্কুলের ঘরের ছাদ নির্মাণ (ছ) তিতপল্লা ইউনিয়নের চরশী খলিফাপাড়া ঈদগাহ মাঠের বাউন্ডারী ওয়াল নির্মাণ (জ) কেন্দুয়া ইউনিয়নের কোটামনি স্কুলের বাউন্ডারী ওয়াল ও গাইড ওয়াল নির্মাণের জন্য আরএফকিউ পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের সুপারিশ করেন। এছাড়া (ঝ) বিভিন্ন ইউনিয়নের গ্রাম পুলিশদের রেইন কোর্ট,গাম বুট, টর্চ লাইট ও ছাতা বিতরণ (ঞ) ০৯ নং রানাগাছা ইউনিয়নের মোনাকুসা খালের উপর কাঠের ব্রিজ নির্মাণ (ট) প্রতিবন্ধি ব্যক্তিদের মাঝে হুইল চেয়ার বিতরণ ও (ঠ) বিভিন্ন স্কুলে খেলাধুলা সামগ্রী বিতরণ প্রকল্পগুলো প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) মাধ্যমে বাস্তবায়নের সুপারিশ করেন। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | (গ) বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় (ক) তুলশীরচর ইউনিয়নের রেহাই গজারিয়া থেকে তুলশীরচর রাস্তায় ইউ ড্রেন নির্মাণ, (খ) রশিদপুর ইউনিয়নের তুলসিপুর রাস্তায় ইউ ড্রেণ নির্মাণ ও রাস্তার পাশে গাইড ওয়াল নির্মাণ, (গ) রশিদপুর বাজার হাই স্কুল মোড় থেকে পাকুল্ল্যা খেত্রিপাড়া রাস্তায় ইউ ড্রেণ নির্মাণ ও রাস্তার পাশে গাইড ওয়াল নির্মাণ (ঘ) ইটাইল ইউনিয়নের কচুয়ারপাড় সমিরুদ্দিন দাখিল মাদ্রাসার মেইন গেইট নির্মাণ (ঙ) শরিফপুর ইউনিয়নের রঘুনাথপুর উচ্চ বিদ্যালয়ের ছাদ মেরামত (চ) রশিদপুর ইউনিয়নের শেখপাড়া নিম্ন মাধ্যমিক স্কুলের ঘরের ছাদ নির্মাণ (ছ) তিতপল্লা ইউনিয়নের চরশী খলিফাপাড়া ঈদগাহ মাঠের বাউন্ডারী ওয়াল নির্মাণ (জ) কেন্দুয়া ইউনিয়নের কোটামনি স্কুলের বাউন্ডারী ওয়াল ও গাইড ওয়াল নির্মাণের জন্য আরএফকিউ পদ্ধতির মাধ্যমে এবং (ঝ) বিভিন্ন ইউনিয়নের গ্রাম পুলিশদের রেইন কোর্ট,গাম বুট, টর্চ লাইট ও ছাতা বিতরণ (ঞ) ০৯ নং রানাগাছা ইউনিয়নের মোনাকুসা খালের উপর কাঠের ব্রিজ নির্মাণ (ট) প্রতিবন্ধি ব্যক্তিদের মাঝে হুইল চেয়ার বিতরণ ও (ঠ) বিভিন্ন স্কুলে খেলাধুলা সামগ্রী বিতরণ প্রকল্পগুলো প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | গ) উপজেলা প্রকৌশলী জামালপুর সদর জামালপুর। |
| | | (ঘ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় মোট বরাদ্দের অর্থ থেকে ০.৫% অফিস স্টেশনারী ও ১% অর্থ তদারকী ব্যয় বাবদ খরচ করার বিধান রয়েছে। সেমতাবস্থায় অফিস স্টেশনারী ক্রয়ের বকেয়া খরচ পরিশোধ ও তদারকী ব্যয়ের খরচ নির্বাহের নিমিত্তে খাত ওয়ারী উক্ত টাকা উত্তোলনের বিষয়ে সুপারিশ করেন। | (ঘ) বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় মোট বরাদ্দের অর্থ থেকে ০.৫% অফিস স্টেশনারী ক্রয় বাবদ এবং ১% তদারকী ব্যয় থেকে এক তৃতীয়াংশের অর্ধেক টাকা উত্তোলনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ঘ) উপজেলা প্রকৌশলী জামালপুর সদর জামালপুর। |
| ০৬. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, জামালপুর সদর, সভায় বলেন যে, তাঁর দপ্তরের আওতায় ফেব্রুয়ারি, ২০২৫ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ১,২২,২১০ জন, স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করেছে (মহিলা) ৫৯ জন এবং পুরুষ ০০ জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) ৬৫ জন, দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) ১২২ জন, নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে ৯৫ জন এবং সিজারিয়ান প্রসবসেবা ০৬ জন। পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর) ৭৮.৩৭%। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা জামালপুর সদর জামালপুর। |
| ০৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে বরাদ্দকৃত কম্বল বিতরণ সম্পন্ন হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরের টি.আর, কাবিখা ও কাবিটার বরাদ্দ পাওয়া গেছে। উক্ত প্রকল্প | সরকারি নীতিমালা মোতাবেক টিআর, কাবিখা ও কাবিটার কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামালপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভাগ | বাস্তবায়নের সময়সীমা নির্ধারণ করা হয়েছে ১৫/০৩/২০২৫খ্রি: পর্যন্ত। উক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং প্রশাসনিক কর্মকর্তাগণকে দৃশ্যমান প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | | সদর,জামালপুর। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর, সভায় বলেন অত্র দপ্তরের সকল কাজ স্বাভাবিকভাবে চলছে। এখন পর্যন্ত নতুন বছরের সকল শ্রেণির বই পাওয়া যায়নি। মাত্র ৩০% বই পাওয়া গিয়াছে। প্রাপ্ত বই সমূহ শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>জামালপুর সদর। |
| ০৯. | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, সভায় বলেন যে, সরকারি নির্দেশনা মোতাবেক যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় পতিত ফ্যাসিস্ট সরকারের সঙ্গে জড়িত ব্যক্তিবর্গের নামে আছে সে সকল প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের প্রস্তাব করেন। জামালপুর সদর পৌরসভাধীন শাহীনুল ইসলাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম পরিবর্তন করে কাজির আখ সরকারি প্রাথমিক বিদ্যালয়, দিগপাইত ইউনিয়নের অধ্যাপক আ: হামিদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম পরিবর্তন করে তারার ভিটা সরকারি প্রাথমিক বিদ্যালয় করার প্রস্তাব করেন। এছাড়া আন্ত: প্রাথমিক ক্রীড়া প্রতিযোগীতা ফাইনাল খেলা আগামী ২০/০২/২০২৫খ্রি: সিংহজানী বহুমুখী উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে। ৪র্থ ও ৫ম শ্রেণীর বই এখনো পাওয়া যায়নি। বই পাওয়া সাপেক্ষে তাৎক্ষনিক বিতরণ করা হবে। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | স্কুলের নাম পরিবর্তনের বিষয়ে বিভিন্ন গোয়েন্দা সংস্থার তথ্য নিয়ে পরিবর্তনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। এবং এবং বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে তার বিভাগের সকল কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে আবেদনকৃত শতভাগ প্রতিবন্ধী ব্যক্তির ভাতা বরাদ্দ পাওয়া গিয়াছে। আবেদনকারীর সকল প্রতিবন্ধী ব্যক্তির মোবাইল নগদ নম্বর যাচাই পূর্বক দ্রুত সমাজসেবা কার্যালয়ে জমা প্রদানের জন্য ইউনিয়ন কমিটিকে অনুরোধ করেন। এছাড়া বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী, হিজড়া, অনগ্রসর ভাতা ও প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি প্রাপ্তদের ২য় কিস্তির তিন মাসের পে-রোল প্রেরণ করা হয়েছে। পে-রোল প্রেরণের পরবর্তীতে অসাধু হ্যাকারদের প্রতারণার প্রবণতা বৃদ্ধি পায়। তাই সবাইকে ভাতাভোগীদের পিন নম্বর সর্তক রাখার জন্য অনুরোধ করা হয়। মৃত ভাতাভোগীদের দ্রুত সময়ের মধ্যে প্রতিস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে ইউনিয়ন কমিটির প্রতিনিধিদের বিশেষভাবে নির্দেশনা প্রদান করেন। তাছাড়া ক্যান্সার ও কিডনি রোগীদের চিকিৎসার জন্য আবেদন সাপেক্ষে জেলা সমাজসেবার কার্যালয় থেকে এক কালীন আর্থিক সহযোগীতা মঞ্জুর করা হয়ে থাকে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক ২০২৪-২৫ অর্থ বছরের অতিরিক্ত প্রতিবন্ধী ভাতা অনুমোদন করার সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং পিন নাম্বার সম্পর্কে উপকার ভোগীদের সচেতনতা বৃদ্ধির জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জামালপুর সদর<br>২।চেয়ারম্যান........(সকল) ইউপি, জামালপুর সদর। |
| ১২. | উপজেলা আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় বলেন যে, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীর বদলী এবং যোগদানের বিষয়টি নিয়মিত হলেও সংশ্লিষ্ট দপ্তর গুলোর ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদ করা হচ্ছে না। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরগুলোকে দ্রুত পোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে এছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প এর মাধ্যমে জামালপুর সদর উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানে ২৫টি ইন্টারনেট সংযোগ স্থাপন করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ১৩. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জামালপুর সদর, জামালপুর সভায় জানান, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে ৩৯০টি সাবমার্সিবল পাম্প বরাদ্দ পাওয়া গেয়েছিল যার মধ্যে ৩৯০টি নলকূপের বোরিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্লাটফরমের কাজ চলমান রয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৯৮টি ওয়াশ ব্লকের বরাদ্দ পাওয়া গিয়াছে যা কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ ও হ্যান্ড ওয়াশ বেসিন এর ২০০টি বরাদ্দ পাওয়া গিয়াছে এবং কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ১৪. | বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে জামালপুর জেলার সদর উপজেলা সমূহে বারিড পাইপ লাইনের (ভূ-গর্ভস্থ সেচনালা) মাধ্যমে ৩৫টি গভীর নলকূপ দ্বারা ৯০০ হেক্টর, ০৪ টি এলএলপি দ্বারা ৯০ হেক্টর এবং ২টি সৌর বিদ্যুৎ চালিত ডাগওয়েল দ্বারা সেচ সুবিধা প্রদান করা হচ্ছে। মাঠ পর্যায়ে ২০২৪-২৫ অর্থ বছরে প্রথম ধাপে ৬৬টি আবেদনের মধ্যে ২৬টি সেচ অনুমোদন যোগ্য এবং ৪০টি অনুমোদন যোগ্য নয় বলে উপজেলা সেচ কমিটির সভায় সিদ্ধান্ত গৃহিত হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি সদর, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ১৩,৮০,০০০ টাকা এবং বর্তমান মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ১,৯২,৫৪২ টাকা। চলতি অর্থ বছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০ জন। প্রশিক্ষন বাস্তবায়ন করা হয়েছে ২৪০ জন এবং নিবন্ধনকৃত যুব সংগঠন রয়েছে ১৫ টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ১৬. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর সভায় বলেন যে, জামালপুর জেলা সদরে ১০ জন ওএমএস ডিলারের মাধ্যমে দৈনিক ১০ মে.টন করে চাল ও দৈনিক১০ মে.টন আটা বিক্রয় কার্যক্রম চলমান আছে। গত ১৬/০২/২০২৫ তারিখে নতুন নিয়োগকৃত ১৩জন ওএমএস ডিলারদের কার্যক্রম শুরু করা হয়েছে। এছাড়া নভেম্বর/২০২৪খ্রিঃ পর্যন্ত খাদ্যবান্দব কর্মসূচীর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। আগামী মার্চ/২০২৫খ্রিঃ থেকে খাদ্যবান্ধব কর্মসূচী আবার শুরু হবে। নতুন ডিলার দিয়ে খাদ্যবান্ধব কর্মসূচী পরিচালনা নির্দেশনা রয়েছে সেই মোতাবেক গত ১৬/০২/২০২৫খ্রিঃ তারিখে নতুন খাদ্য বান্দব ডিলার নিয়োগের বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। আগামী ২৪/০২/২০২৫ খ্রিঃ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর মহোদয়ের অফিস কক্ষে স্থাপিত বক্সে আবেদন জমা গ্রহণ করা হবে। এছাড়া অভ্যন্তরীণ আমন সংগ্রহ/২০২৪-২৫ মৌসুমের আওতায় জামালপুর জেলায় সিদ্ধ চালের ৮,০৩৯ মে.টন লক্ষ্যমাত্রার বিপরীতে ৬,৫৪৬.৫৪০ মে.টন চুক্তি করা হয়েছে। তন্মধ্যে সিংহজানী এলএসডিতে ২৪৫৮.৫৩০ মে.টন সিদ্ধ চাল ও পিয়ারপুর এলএসডিতে ১২০০.২১০ মে.টন সহ সর্বমোট ৩৬৫৮.৭৪০ মে.টন সিদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে। যার শতকরা হার ৫৫.৮৮%। আতপ চালের ২২৩ মে.টন লক্ষ্যমাত্রার বিপরীতে ৬৫.৯৪০ মে.টন চুক্তি সম্পাদন করা হয়েছে। আতপ চাল সংগ্রহের শতকরা হার ০%। আমন ধান সংরক্ষনের লক্ষ্যমাত্র ১৯৬০ মে.টন। ব্যাপক প্রচার প্রচারণা ও প্রণোদনা প্রদানের আশ্বাস দেওয়ার পরেও ধান সংগ্রহ করা যায়নি। স্থানীয় বাজার সমূহে ধানের দাম সরকারি মূল্যের চেয়ে বেশি থাকায় ধান ক্রয় করা সম্ভব হচ্ছে না। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় সকল কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ১৭. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২৬৩ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৪,২০,০০,০০০ (চার কোটি বিশ লক্ষ) টাকা এবং আদায় যোগ্য ঋণের পরিমাণ ২,৪০,০০,০০০ (দুই কোটি চল্লিশ লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার ৪৯%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৬৮,৭৩,০০০ (আটষট্টি লক্ষ তেহাত্তুর হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৪৭,৬১,৪৫৭ (সাতষট্টি লক্ষ একষট্টি হাজার চারশত সাতান্ন) টাকা। ঋণ আদায়ের হার ৬৪%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ১৮. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় জানান, ফেব্রুয়ারি/২৫ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ৮.৭১ লক্ষ টাকা এবং আদায় হয়েছে ৫.৯১ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১১৮৯.৪২ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ১০৪৬.৭৭ লক্ষ টাকা। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্থারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকা সহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ১৯. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় সকল কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ২০. | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় সকল কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | ফরেস্টার<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ২১. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), জামালপুর সদর সভায় জানান, ইউজিডিপির আওতায় বাস্তবায়িত সকল অবকাঠামো উন্নয়ন প্রকল্পের পরিদর্শন কাজ চলমান আছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল নিয়মিত হালানাগাদ করার জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস আপলোড এবং শাহবাজপুর ইউনিয়নের জন্য নিবন্ধক হিসেবে দায়িত্ব পালন চলমান রয়েছে। তাছাড়া পঞ্চবার্ষিক পরিকল্পনা তৈরির জন্য তথ্য সংগ্রহের কাজ বিদ্যমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে তথ্য দিয়ে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ)<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ২২. | উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, জামালপুর সদর, সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ২৩. | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে, তার দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | শাখা ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয় ব্যাংক<br>জামালপুর সদর<br>জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪. | উপজেলা (পিডিবিএফ) বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ২৫. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে, উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় পাটবীজ উৎপাদনকারী চাষীদের মধ্যে ইতোমধ্যে বীজ, সার এবং কীটনাশক বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া তার দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ২৬. | তথ্য আপা | উপজেলা তথ্য আপা, জামালপুর সদর সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | তথ্য আপা<br>জামালপুর সদর<br>জামালপুর। |
| ২৭. | বিবিধ | <u>(ক) উপজেলা পষিদ কর্মচারীদের উচ্চতর গ্রেড প্রদান সংক্রান্ত:</u><br>জামালপুর সদর উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত কর্মচারী (ক) মো: রবিউল আওয়াল মল্লিক, অফিস সহায়ক ও (খ) মো: ওয়াহেদ মুরাদ, অফিস সহায়ক, এর চাকুরি যোগদানের তারিখ ১০ ফেব্রুয়ারি, ২০১৫খ্রি: হতে ০৯ ফেব্রুয়ারি, ২০২৫খ্রি: পর্যন্ত চাকুরিকাল ১০ (দশ) বছর পূর্তি হওয়ায় বিধি মোতাবেক ১ম উচ্চতর গ্রেড স্কেল পাবেন মর্মে পৃথক পৃথকভাবে আবেদন করেছেন। বর্ণিত আবেদনের প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের ১৫ ডিসেম্বর,২০১৫ তারিখের এস.আর.ও নং ৩৬৯-আইন/২০১৫ প্রজ্ঞাপনমূলে জারীকৃত জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭(১) অনুচ্ছেদ অনুযায়ী চাকুরীকাল দশ বছর পূর্তিতে ১ম উচ্চতর গ্রেড দেওয়ার বিধান রয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) বিস্তারিত আলোচনান্তে জামালপুর সদর উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত কর্মচারী (ক) মো: রবিউল আওয়াল মল্লিক, অফিস সহায়ক ও (খ) মো: ওয়াহেদ মুরাদ, অফিস সহায়ক, এর চাকুরি যোগদানের তারিখ ১০ ফেব্রুয়ারি, ২০১৫খ্রি: হতে ০৯ ফেব্রুয়ারি, ২০২৫খ্রি: পর্যন্ত চাকুরিকাল ১০ (দশ) বছর পূর্তি হওয়ায় বিধি মোতাবেক ১ম উচ্চতর গ্রেড স্কেল প্রাপ্তির আবেদনের প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের ১৫ ডিসেম্বর,২০১৫ তারিখের এস.আর.ও নং ৩৬৯-আইন/২০১৫ প্রজ্ঞাপনমূলে জারীকৃত জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭(১) অনুচ্ছেদ অনুযায়ী চাকুরীকাল দশ বছর পূর্তিতে ১ম উচ্চতর গ্রেড দেওয়ার বিধান থাকায় সর্বসম্মতিক্রমে পরিষদের অনুমোদন ও পরিবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সদর, জামালপুর। |
| | | <u>(খ) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br>সভায় গত ২৯ জানুয়ারি, ২০২৫ খ্রি: তারিখ হতে ১৮ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের নিম্নবর্ণিত খাতসমূহ হতে বিভিন্ন খরচের ব্যয়ের বিষয়ে আলোচনা করা হয়েছে এবং উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করার জন্য প্রস্তাব পেশ করেন। নিম্নে ব্যয়ের খাত ও টাকার পরিমান সভায় উপস্থাপন করা হলো:- | (খ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর খাত ওয়ারী বিভিন্ন অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ পুর্বক ( তিন লক্ষ চব্বিশ হাজার নয়শত উন সত্তুর) টাকা ব্যয় পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। | প্রশাসক<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সদর, জামালপুর। |

| ব্যয়ের খাত | টাকা |
|---|---|
| অফিস ও বাসাবাড়ী মেরামত | ৫২,৯৪৭ |
| আনসারের বেতন | ৮,৩৩৩ |
| আপ্যায়ন ও অফিস স্টেশনারী | ৪২,৯৮০ |
| মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান | ২৪,২০০ |
| বিদ্যুৎ বিল পরিশোধ | ৩০,০০০ |
| নেট বিল | ৮,৬০০ |
| অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত | ৪৯,৪৯৯ |
| অপ্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান | ৩০,০০০ |
| ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত | ৩৫,৯১০ |
| আসবাবপত্র ক্রয় ও মেরামত | ২৫,০০০ |
| সাবেক ভাইস চেয়ারম্যানের টিএ.ডিএ | ১৭,৫০০ |
| সর্বমোট | ৩,২৪,৯৬৯ |

কথায় : (তিন লক্ষ চব্বিশ হাজার নয়শত উনসত্তুর) টাকা মাত্র।
এমতাবস্থায়, উল্লিখিত বিবরণ মোতাবেক খাতওয়ারী ব্যয়িত টাকা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করা যেতে পারে।

অত:পর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

(জিন্নাত শহীদ পিংকি)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নম্বর ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd

স্মারকনং-০৫.৪৫.৩৯৩৬.০০২.০৬.০০১.২৫-৩২৬

তারিখ: ০৬ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

১। উপজেলা..........................................................................অফিসার, জামালপুর সদর, জামালপুর।
২। চেয়ারম্যান........................................................................ইউনিয়ন পরিষদ (সকল), জামালপুর সদর, জামালপুর।
৩। জনাব...............................................................................সদস্য, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৪। জনাব ..........................................................................................................................................

উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, জামালপুর সদর
জামালপুর।

স্মারকনং-০৫.৪৫.৩৯৩৬.০০২.০৬.০০১.২৫-৩২৬

তারিখ: ০৬ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। মেয়র/প্রশাসক, জামালপুর পৌরসভা, জামালপুর।
৬। অফিস কপি।